দৈনিক জনকণ্ঠ

তারিখ ১১/১০/২০০০
পৃষ্ঠা ১১ কলাম ৬



উপরে ঃ রসায়নে নোবেল পুরস্কার বিজয়ী বাঁ থেকে এ্যালেন ম্যাকডিয়ারমিড, এ্যালেন জে হিগার ও হিদেকি শিরাকাওয়া। নিচে ঃ পদার্থবিদ্যায় নোবেল বিজয়ী বাঁ থেকে-হারবার্ট ক্রোয়েমার, জ্যাক কিলবি ও ঝোরেস আই আলফেরভ। —রয়টার্স/এএফপি

# পদার্থবিদ্যা ও রসায়নে নোবেল পেলেন ৬ বিজ্ঞানী

**স্টকহোম, ১০ অক্টোবর, এপি/এএফপি ॥** একজন রুশ ও দু'জন মার্কিন বিজ্ঞানী মঙ্গলবার পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার লাভ করেছেন। দৈনন্দিন জীবনে ব্যবহৃত পকেট ক্যালকুলেটর ও সেলুলার ফোনের মতো আধুনিক তথ্য প্রযুক্তি তৈরিতে অবদানের জন্য তাঁরা এই পুরস্কার লাভ করেন। পুরস্কারপ্রাপ্ত বিজ্ঞানীরা হলেন, রাশিয়ার সেন্ট পিটার্সবার্গের এএফ আইওফ ফিজিকো-টেকনিক্যাল ইনস্টিটিউটের গবেষক ঝোরেস আই আলফেরভ (৭০), ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটির গবেষক জার্মান বংশোদ্ভূত হারবার্ট ক্রোয়েমার (৭০) এবং ডালাসের টেক্সাস ইনস্ট্রুমেন্টসের জ্যাক কিলবি (৭৬)। এর মধ্যে আলফেরভ ও ক্রোয়েমার পুরস্কারের অর্ধেক অংশ পাবেন এবং বাকি অর্ধেক পাবেন জ্যাক কিলবি।

বিজ্ঞানী আলফেরভ ও ক্রোয়েমার স্যাটেলাইট যোগাযোগ ও সেলুলার ফোনের প্রযুক্তি উন্নয়নে অবদানের জন্য এই

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## পদার্থবিদ্যা ও

(১২-এর পাতার পর)

পুরস্কার লাভ করেছেন। মাইক্রোচিপের অগ্রদূত ইন্টিগ্রেটেড সার্কিট উদ্ভাবন ও উন্নয়ন এবং পকেট ক্যালকুলেটরের সহ-উদ্ভাবক হিসাবে জ্যাক কিলবিকে এই পুরস্কার দেয়া হয়েছে।

এ বছর পুরস্কারের অর্থ মূল্য হচ্ছে ৯০ লাখ ক্রোনার ( ৯ লাখ ১৫ হাজার ডলার)।

রয়াল সুইডিশ একাডেমী অব সায়েন্সেসের এক সদস্য হ্যারম্যান গ্রিমেইস বলেছেন, আধুনিক তথ্য প্রযুক্তির উন্নয়নে এই তিন ব্যক্তির অবদান অমূল্য।

সেন্ট পিটার্সবার্গে তাঁর প্রতিষ্ঠানে ফোনে আলাপকালে বিজ্ঞানী আলফেরভ পুরস্কার প্রাপ্তিতে তাঁর অনুভূতি ব্যক্ত করেতে গিয়ে বলেন, পুরস্কার পেয়ে তিনি খুবই উৎফুল্ল। তিনি বলেন, আমি ও আমার সহকর্মীরা এখন একটি শ্যাম্পেনের বোতল খুলে পুরস্কার বিজয়ের আনন্দ উপভোগ করব।

পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার বিজয়ী তিন বিজ্ঞানীকেই তাঁদের পৃথক পৃথক কাজের জন্য এই স্বীকৃতি দেয়া হয়েছে।

এদিকে মঙ্গলবার রসায়নেও নোবেল পুরস্কার ঘোষণা করা হয়েছে। দু'জন আমেরিকান ও এক জাপানী রসায়নে নোবেল পুরস্কার লাভ করেছেন। যুক্তরাষ্ট্রের এ্যালেন হিগার ও এ্যালেন ম্যাকডিয়ারমিড এবং জাপানের হিদেকি শিরাকাওয়া একত্রে এই পুরস্কার পেয়েছেন। প্লাস্টিক বিদ্যুত পরিবাহী হতে পারে বলে তাঁরাই প্রথম জানিয়েছেন। কতিপয় পরিবর্তনের মাধ্যমে প্লাস্টিককে বিদ্যুত পরিবাহী করা সম্ভব বলে তাঁরা আবিষ্কার করেছেন।

বিজ্ঞানী এ্যালেন হিগার (৬৪) ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটির এক ফিজিক্সের প্রফেসর, এ্যালেন ম্যাকডিয়ারমিড (৭৩) হচ্ছেন পেনসিলভানিয়া ইউনিভার্সিটির রসায়নের প্রফেসর। বিজ্ঞানী হিদেক শিরাকাওয়া (৬৪) হচ্ছেন জাপানের তিসুকুবা ইউনিভার্সিটির রসায়নের প্রফেসর। এই তিন বিজ্ঞানী ৯০ লাখ ক্রোনার অর্থ মূল্যের পুরস্কার পাবেন। আগামী ১০ ডিসেম্বর স্টকহোমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ করা হবে।